মহেশপুরে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে, ভন্ড কবিরাজ গ্রেফতার

২ বছর আগে রাগ করে বাড়ী থেকে চলে যাওয়া স্বামীকে ফেরত আনার কথা বলে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে কুদ্দুস নামে এক ভন্ড কবিরাজকে গ্রেফতার করেছে পুলিশ।

শনিবার রাতে মহেশপুরের পৌর এলাকার বগা গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত কুদ্দুস কবিরাজ যশোর জেলার চৌগাছা থানার কোমরপুর গ্রামের মোহাম্মদ আলী বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানায়, কুদ্দুস কবিরাজ মহেশপুর উপজেলার বগা গ্রামে এসে কবিরাজী করত। সম্প্রতি বগা গ্রামের এক নারী ২ বছর আগে স্ত্রীর উপর রাগ করে বাড়ী থেকে চলে যাওয়া স্বামীকে ফেরত আনার কথা বলে। এরপর গত রাতে ছেড়ে যাওয়া স্বামীকে ফিরিয়ে দেওয়ার কথা বলে ওই নারীকে ধর্ষণ করে। সেসময় স্থানীয় জনতা তাকে ধরে পুলিশে খবর দেয়। পরে পুলিশ ওই কবিরাজকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়।

মহেশপুর থানার ওসি মোর্শেদ হোসেন খান জানান, এ ঘটনায় থানায় মামলা হয়েছে। ভিকটিম নারীকে ঝিনাইদহ সদর হাসপাতালে ডাক্তারী পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

আরো পড়ুন-পদত্যাগ না করলে সরকারকে লাথি মেরে নামাতে হবে: ড. কামাল

ঝিনাইদহে আলমসাধুর ধাক্কায় শিশু নিহত

ঝিনাইদহের সদরে আলমসাধুর ধাক্কায় আছিয়াা খাতুন নামের এক শিশু নিহত হয়েছে। শনিবার দুপুরে উপজেলার লক্ষ্মীপুর নতুন বাড়ী এলাকায়

এ দুর্ঘটনাটি ঘটে।

নিহত আছিয়া সদর উপজেলার খাজুরা গ্রামের আছির উদ্দিনের মেয়ে। সে কালা-লক্ষীপুর গ্রামের নানা ইনছান আলীর বাড়ীতে থাকতো ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মঈন উদ্দিন জানান, হাটগোপালপুর থেকে ইট বোঝাই একটি আলমসাধু ঝিনাইদহ শহরের দিকে আসছিল। এসময় আলমসাধুটি ওই এলাকার নতুন বাড়ীর সামনে শিশুটিকে সজোরে ধাক্কা দেয়। এতে সে রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেপ্র/আরপি

ঝিনাইদহে বিভিন্ন মামলায় ওয়ারেন্টভুক্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহ সদর থানার বিভিন্ন এলাকা থেকে ওয়ারেন্টভুক্তসহ ৪ আসামী গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার রাতভর অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান এর নির্দেশে সদর থানা পুলিশ সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালায়।

এসময় কোর্টপাড়া থেকে মুন্না হোসেন, পূর্ব তেতুল বাড়ীয়া থেকে মুক্তার হোসেন, নারায়নপুর থেকে মাজেদা খাতুন ও কোরাপাড়া থেকে মোরাদ আলীকে গ্রেফতার করা হয়।

তাদের বিরুদ্ধে বিভিন্ন মামলায় গ্রেফতারি পরোয়ানা ছিল। শনিবার দুপুরে তাদের আদালতে পাঠানো হয়েছে।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

সন্তানের মাথায় হাত রেখে মাদক ব্যবসা ত্যাগের শপথ

নিজের দুই শিশু সন্তানের মাথায় হাত রেখে মাদক ব্যবসা পরিত্যাগের শপথ নিয়েছেন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দক্ষিণ চাঁদপুর গ্রামের চিহ্নিত মাদকব্যবসায়ী রিপন আলী (৩৭)।

শনিবার দুপুরে চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে এসে এসপি জাহিদুল ইসলামের সামনে এ শপথ করেন তিনি। রিপন আলী দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত মান্দার শাহের ছেলে।

পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, শনিবার দুপুরে রিপন আলী স্বপরিবারে পুলিশ সুপারের কার্যালয়ে উপস্থিত হন।

এসময় তিনি নিজের দুই শিশু সন্তানের মাথায় হাত রেখে মাদক ব্যবসা পরিত্যাগের শপথ নেন। তার বিরুদ্ধে দামুড়হুদা থানায় তিনটি মাদক মামলাসহ ছয়টি মামলা রয়েছে। তিনি স্বাভাবিক জীবনে ফেরার সুযোগ চেয়ে এ শপথ করেছেন।

পুলিশ সুপার আরো জানান, মাদক ব্যবসা পরিত্যাগের জন্য যারাই প্রতিজ্ঞাবদ্ধ হবেন তাদেরকে স্বাভাবিক জীবনে ফেরার জন্য সব রকমের সহযোগিতা করা হবে।

মেপ্র/আরপি

গাংনীতে জমি উদ্ধারের দাবীতে দখলদারদের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

গাংনীতে দখলকারিদের কাছে থেকে জমি উদ্ধারের দাবীতে সংবাদ সম্মেলন করেছে ধর্মচাকী গ্রামের শাসসুল হুদা গং।

শনিবার সকালে গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অভিযোগ, আদালত থেকে রায় পেলেও দখলদারদের নানা হুমকীতে জমির দখল পাচ্ছেন না তারা। প্রশাসনের সহযোগীতা ও আইনী ব্যবস্থাপনায় জমির মালিকানা ফিরে পেতে চান জমির প্রকৃত মালিকরা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্ত্যব্য পাঠ করেন শামসুল হুদা। এসময় জমির মালিক শামসুল হুদা গং, প্রেসক্লাব সভাপতি রমজান আলী, সাধারণ সম্পাদক মাহাবুব আলমসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।
লিখিত বক্তব্যে শামসুল হুদা জানান, হিজলবাড়ীয় মৌজার ৩৯০ দাগে ২৪.৯০ শতক জমি মেদিনীপুর জমিদার ভুক্ত ছিল। জমিদারী প্রথা বিলুপ্ত হওয়ার পর তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের নামে এস.এ খতিয়ান ১ এ ১৪.৯২ শতক জমি রেকর্ড হয়ে যায়।

দেবীপুর গ্রামের মৃত রিয়াজ উদ্দীনের ছেলে মৃত রেকাব উদ্দীন তৎকালীণ সরকারের কাছে খাস জমি বন্দোবস্ত নেয়ার জন্য আবেদন করেন। আবেদন যাচাই বাছই পূর্বক ৪৫ নং মৌজা হিজলবাড়ীয়ার ৩৯০৩ দাগের ১৪.৯২ জমির মধ্যে হইতে ৩৯০৩/১ বাটা একদাগের স্কেস ম্যাপ প্রস্তুত করে একই স্থানে ৫ একর জমি বন্দোবস্ত দেয়। বন্দোবস্তের পর রেকাব উদ্দীন নজির হোসেন, মফেজ উদ্দীন, ফাকের আলী, সাকের আলী, আঃ সাত্তার, সিরাজুলের নিকট বিক্রয় করেন। বাকী জমি আঃ আজিজ গং ও মহাসিন আলীর নিকট বিক্রয় করেন। অবশিষ্ট ০৪ শতক জমি রেকাব উদ্দীন ভোগ দখল করেন।

এদিকে শামসুল হুদার পূর্বাধিকারের জন্য খারিজের জন্য আবেদন করলে প্রতিপক্ষগন আপত্তি দিলে কেসটি উপজেলা ভূমি কর্মকর্তা বাতিলের আদেশ দেনএবং রেকাব উদ্দীনের হোল্ডিং বহাল রাখেন। খারিজ কেসটি বাতিল হওয়ার পর শামসুল হুদা গং ১৯৮৯ সালে দেং-৮৬ নং কেস দাখিল করলে উভয় পক্ষের শুনানীর পর ২৮/১০/১৯৯১ সালে শামসুল হুদার পক্ষে রায় ও বিক্রি হয়।

পরবর্তীতে কথিত ভুমিহীন আঃ লতিব জজ আদালতে আপিল করলে মাননীয় বিচারক তিনটি আপীল একত্রে শুনানীর পর লতিব ও জনৈক শুকুরের আপিলটি মঞ্জুর হয়। এভাবে পরপর পাঁচবার প্রতিপক্ষ ও শামসুল গং উচ্চ আদালতে মামলা করলে উক্ত জমি পরবর্তীতে জনৈক আঃ কাদের ও তহুরা খাতুনকে বন্দোবস্ত দেন ভুমি অফিস। শামসুল হুদা গং উক্ত বন্দোবস্ত বাতিলের বিরুদ্ধে এবং রেকর্ড সংশোধনের জন্য পুনরায় বিজ্ঞ আদালতে দেওয়ানী কেসটি দায়ের করলে তার পক্ষে রায়ঘোষিত হয়।

পরবর্তীতে প্রতিবাদী হিসাবে ৬৪ নং বাংলাদেশ সরকারের পক্ষে ডেপুটি কমিশনার মেহেরপুর ৬৫ নং প্রতিবাদী হিসাবে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস¦) মেহেরপুর এবং ৬৬ নং প্রতিবাদী উপজেলা (রাজস¦) অফিসার গাংনী নিজ নিজ বক্তব্য আদালতে উপস্থাপন করার পরও কিভাবে বিভাগীয় কমিশনার মহোদয় ২০১৮ সালের ০৫ আগষ্ট বিবাদীগন লিটম মাহমুদ কাদের ও তহুরাদেরকে জমির দখল বুঝে দিতে উপজেলা প্রশাসনের পক্ষে সহকারী কমিশনার(ভুমি) দেলোয়ার হোসেনকে নির্দেশ দেন যা আদালতের রায়কে অসম্মান করা হয়েছে বলে দাবী করেন নির্যাতিতরা ।

মেপ্র/আরপি

নারী পুলিশের আত্মহত্যা

ময়মনসিংহে সুইটি আক্তার (২২) নামের এক নারী পুলিশ কনস্টেবলের ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। তিনি দেড় মাসের অন্তঃসত্ত্বা ছিলেন। গতকাল শুক্রবার দুপুরে ময়মনসিংহ নগরের পুলিশ লাইনস এলাকার ভাড়া বাড়ি থেকে লাশটি উদ্ধার করা হয়।

কোতোয়ালি মডেল থানা সূত্র জানায়, সুইটি আক্তার ময়মনসিংহ পুলিশ লাইনসে কর্মরত ছিলেন। তাঁর বাড়ি নেত্রকোনার মোহনগঞ্জ উপজেলার টেংড়াপাড়া গ্রামে। কয়েক মাস আগে পুলিশ কনস্টেবল মোহাম্মদ হাফিজের সঙ্গে তাঁর বিয়ে হয়েছিল। পারিবারিক কলহের কারণে তিনি আত্মহত্যা করতে পারেন বলে ধারণা করছে পুলিশ।

কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল ইসলাম জানান, বাসায় ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় সুইটির মরদেহ দেখতে পান তাঁর স্বামী পুলিশ কনস্টেবল মোহাম্মদ হাফিজ। খবর পেয়ে থানা-পুলিশ গিয়ে লাশ উদ্ধার করে।

লাশটি ময়নাতদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এই ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য সুইটির স্বামীকে আটক করা হয়েছে।

মেপ্র/আরপি

গাংনীতে দুর্বৃত্তদের দেয়া আগুনে অর্ধ লক্ষ টাকার বিচালী পুড়ে ছাই

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে দুর্বৃত্তদের দেয়া আগুনে এক কৃষকের অর্ধ লক্ষ টাকার মূল্যের বিচালী পুড়ে ছাই হয়েছে।

বৃহস্পতিবার মধ্যরাতে হাড়িয়াদহ গ্রামের খেজমত আলীর বিচালী গাঁদায় অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

কৃষক খেজমত আলী জানান রাতে ঘুমিয়ে ছিলাম। মধ্যরাতে বসত বাড়ির পিছনে বিচালী গাঁদায় আগুন জ্বলে উঠলে,প্রতিবেশীরা টের পায়। এসময় আমার পরিবারকে জানালে,শত চেষ্টা করে আগুন নেভানো সম্ভব হয়নি। আনুমানিক ৫০ হাজার টাকার বিচালী পুড়ে ছাই হয়েছে।

মেপ্র/ইএম

মুজিবনগরে আওয়ামীলীগ নেতার উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে বিক্ষোভ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য মোনাখালি গ্রাম আওয়ামী লীগের নেতা আকবর আলীর উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে ইউনিয়ন আওয়ামীলীগ।

শুক্রবার বিকালে মোনাখালী বাজার থেকে এ বিক্ষোভ মিছিল শুরু হয়।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুনের নেতৃত্বে বিক্ষোভ মিছিলে অন্যদের মধ্যে মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল কাদের মালিতা,

মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি ও সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাদু,আওয়ামী লীগ নেতা

আসকার আলী, প্রধান শিক্ষক মিয়ারুল ইসলাম,আনারুল ইসলাম ইসমাইল হোসেন, শরিফ উদ্দিন, সেলিম রেজা প্রমূখ অংশ নেন।

এর আগে মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল কাদের মালিতার সভাপতিত্বে আকবর আলীর উপর হামলাকারীদের দ্রুত আটক ও তাদের বিচারের দাবি জানিয়ে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে হোমিও চিকিৎসকদের সম্মেলন

আমরা হোমিওপ্যাথিক চিকিৎসক পরিবার এর ৩য় বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে এ সম্মেলন অনুষ্ঠিত হয় । এ উপলক্ষে আলোচনা সভা ও মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আমরা হোমিওপ্যাথিক চিকিৎসক পরিবারের সভাপতি সাদিকুজ্জামান সেন্টু।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা.রফিকুল ইসলাম। বক্তব্য দেন ডা.এসএম জাহাঙ্গীর, ডা.এম এ আজিজ লালন, ডা.খাইরুজ্জামান, ডা. আমিনুল হক, ডা. আরিফুজ্জামান, ডা.কামাল হোসেন।

সভায় হোমিওপ্যাথিক চিকিৎসার উন্নয়ন নিয়ে ব্যাপক আলোচনা করা হয়।

সঞ্চালনা করেন ডা. আব্দুল কাদের। আলোচনা সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপনী হয়।

মেপ্র/এমএফআর